

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৮ ১০

আগরতলা, উদয়পুর, জিরানীয়া, ৮ ফেব্রুয়ারি, ২০২৪

**অ্যাডিকশন ট্রিটমেন্ট ফ্যাসিলিটি সেন্টারের উদ্বোধন
দেশের বর্তমান সরকার নেশার বিরুদ্ধে সর্বাঙ্গিক
লড়াই জারি রেখেছে : কেন্দ্রীয় সামাজিক ন্যায়মন্ত্রী**

কেন্দ্রীয় সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন মন্ত্রকের উদ্যোগে আজ সারা দেশে নেশামুক্ত ভারত অভিযানে ৪১টি অ্যাডিকশন ট্রিটমেন্ট ফ্যাসিলিটি সেন্টারের দ্বারোদঘাটন করা হয়েছে। এরমধ্যে রাজ্যে এ ধরনের ৫টি সেন্টার রয়েছে। এই সেন্টারগুলি হলো নরসিংগড়ের মডার্ন সাইকিয়াট্রিক হাসপাতাল, খুমলুঙের খেরেংবার সামাজিক স্বাস্থ্যকেন্দ্র, গোমতী জেলা হাসপাতাল, ধলাই জেলা হাসপাতাল ও উনকোটি আরজিএম হাসপাতাল। এটি এইমস দিল্লি দ্বারা পরিচালিত একটি প্রকল্প। ভারত সরকারের সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন মন্ত্রকের দ্বারা ১০০ শতাংশ আর্থিক অনুমোদনে এই সেন্টারগুলি পরিচালিত হয়।

নয়াদিল্লির ১৫ জনপথস্থিত ড. বি আর আশ্বেদকর ইন্টারন্যাশনাল সেন্টার থেকে আজ সকালে কেন্দ্রীয় সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন মন্ত্রী ড. বীরেন্দ্র কুমার ভিডিও কনফারেন্সে এই ফ্যাসিলিটি সেন্টারগুলির উদ্বোধন করেন। সেন্টারগুলির উদ্বোধন করে কেন্দ্রীয় সামাজিক ন্যায়মন্ত্রী সেন্টারগুলির গুরুত্ব ব্যাখ্যা করে বলেন, দেশের অনেক প্রতিভাবান যুবক যুবতী নেশার কবলে পড়ে ধ্বংস হয়ে যাচ্ছে। নেশা একটি পরিবারকে ধ্বংস করার পাশাপাশি সমাজ ব্যবস্থাকেও কুলষিত করার চেষ্টা করছে। তাই দেশের বর্তমান সরকার নেশার বিরুদ্ধে সর্বাঙ্গিক লড়াই জারি রেখেছে। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন মন্ত্রকের প্রতিমন্ত্রী প্রতিমা ভৌমিক নেশার বিরুদ্ধে সর্বাঙ্গিক লড়াই জারি রাখার জন্য সমাজের সব অংশের মানুষের প্রতি আহ্বান জানিয়েছেন।

গোমতী জেলা হাসপাতালে আজ সকালে ফ্যাসিলিটি সেন্টারের উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন গোমতী জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাপতি দেবল দেবরায়, উদয়পুর পুরপরিষদের চেয়ারপার্সন শীতল চন্দ্র মজুমদার। নরসিংগড়ের মডার্ন সাইকিয়াট্রিক হাসপাতালে এই দ্বারোদঘাটন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পশ্চিম ত্রিপুরা জেলার অতিরিক্ত জেলাশাসক সুভাষ চন্দ্র সাহা, হাসপাতালের এইচওডি ডা. স্বপন চন্দ্র বর্মণ, এসপিও (মেন্টাল হেলথ) ডা. উদয়ন মজুমদার এবং অ্যাডিকশন ট্রিটমেন্ট ফ্যাসিলিটি সেন্টারের নোডাল অফিসার ডা. দীপায়ন সরকার। এছাড়া খুলুঙস্থিত খেরেংবার সামাজিক স্বাস্থ্যকেন্দ্রে উপস্থিত ছিলেন এডিসির স্বাস্থ্য বিভাগের কার্যনির্বাহী সদস্য কমল কলই, জিরানীয়া মহকুমার মহকুমা শাসক শান্তিরঞ্জন চাকমা, খেরেংবার সিএইচসির মেডিক্যাল সুপারিনটেনডেন্ট ডা. সুখেন্দু বিকাশ দেববর্মা।
